



যুগান্তর

যুগান্তর, ২৫-০১-২০২৪, পৃ. অনলাইন

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় বসন্তকালীন সেমিস্টারের নবীনবরণ অনুষ্ঠিত

👤 সংবাদ বিজ্ঞপ্তি

🕒 ২৫ জানুয়ারি ২০২৪, ১১:২৩ পিএম | অনলাইন সংস্করণ



নানান আয়োজনের মধ্য দিয়ে দেশের অন্যতম প্রধান বেসরকারি বিশ্ববিদ্যালয়, ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় তার বসন্তকালীন সেমিস্টারের নবীন শিক্ষার্থীদের বরণ করল। ২৫ জানুয়ারি রাজধানীর আফতাবনগরে নিজস্ব ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয়ের ১৩টি বিভাগ, পৃথক অনুষ্ঠানের মাধ্যমে নিজ নিজ শিক্ষার্থীদের বরণ করে নেন।

এবারে বিশ্ববিদ্যালয়ের স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণীতে প্রায় ১৬০০ শিক্ষার্থীকে বরণ করা হয়। এসব অনুষ্ঠানে নবীনদের বরণ করে নেবার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের নিয়ম কানুন, শিক্ষা কার্যক্রম, সুযোগ সুবিধা সম্পর্কে ধারণা দেয়া হয়। সেইসাথে শিক্ষা কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সাথে পরিচয় করিয়ে দেয়া হয়।

নবীনবরণ অনুষ্ঠানে অতিথি হিসেবে যোগ দেন বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা এবং বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মাদ ফরাসউদ্দিন, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, অধ্যাপক ড. শামস রহমান, উপ-উপাচার্য, অধ্যাপক ড. আশিক মোসাদ্দিক, বিশ্ববিদ্যালয়ের ডিনবৃন্দ এবং কর্মক্ষেত্রে সফল সাবেক শিক্ষার্থীগণ।

এসব অনুষ্ঠানে বক্তারা কঠোর অনুশীলনের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা জীবনকে কাজে লাগিয়ে আগামীতে দেশকে এগিয়ে নেবার জন্য তৈরী হতে নবীন শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। সেইসাথে একাডেমিক শিক্ষার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সহশিক্ষা কার্যক্রমে সক্রিয় হয়ে মানবীয় গুণাবলীর বিকাশ এবং উদ্ভাবনী ক্ষমতার বিকাশ ঘটানোর সুযোগ নেবারও তাগিদ দেন।